

💵 মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়িয়ম (রহঃ)

বিয়েসাদী এবং এর আনুসাঙ্গিক বিষয়ে নাবী (সাঃ) এর আদর্শ

সহী সূত্রে বর্ণিত হয়েছে যে, নাবী (ﷺ) বৈবাহিক জীবন যাপনের প্রতি উৎসাহ দিয়েছেন। তিনি বলেন-

النِّكَاحُ مِنْ سُنَّتِى فَمَنْ لَمْ يَعْمَلْ بِسُنَّتِى فَلَيْسَ مِنِّى وَتَزَوَّجُوا فَإِنِّى مُكَاثِرٌ بِكُمُ الأُمَمَ وَمَنْ كَانَ ذَا طَوْلٍ فَلْيَنْكِحْ وَمَنْ لَمْ يَجِدْ فَعَلَيْهِ بالصِّيَام فَإِنَّ الصَّوْمَ لَهُ وجَاءٌ

"বিবাহসাদী আমার সুন্নাত। যে ব্যক্তি আমার সুন্নাত অনুযায়ী আমল করবেনা, সে আমার উম্মাতের অন্তর্ভুক্ত নয়। সুতরাং তোমরা বিবাহ কর। কেননা কিয়ামতের দিন আমি আমার উম্মাতের সংখ্যাধিক্য নিয়ে অন্যান্য উম্মাতের উপর গর্ব করব। যে ব্যক্তি বিবাহ করার সামর্থ রাখে, সে যেন বিবাহ করে। আর যে ব্যক্তি বিবাহ করার সামর্থ না রাখে, সে যেন সিয়াম রাখে। কেননা সিয়াম হচ্ছে যৌন শক্তিকে নিয়ন্ত্রনকারী।[1] নাবী (ﷺ) বলেন-

يا معشر الشباب مَنِ اسْتَطَاعَ الْبَاءَةَ فَلْيَتَزَوَّجْ فَإِنَّهُ أَغَضُّ لِلْبَصَرِ وَأَحْصَنُ لِلْفَرْجِ وَمَنْ لَمْ يَسْتَطِعْ فَعَلَيْهِ بِالصَّوْمِ فَإِنَّهُ لَهُ وجَاءٌ

"হে যুবকের দল! তোমাদের মধ্যে যে ব্যক্তি বিয়ে করার সামর্থ রাখে সে যেন তা করে নেয়। কারণ বিয়ে চোখ অবনতকারী এবং লজ্জাস্থানকে হেফাজতকারী। আর যে ব্যক্তি বিয়ে করার সামর্থ রাখে না সে যেন সিয়াম রাখে। কেননা সিয়াম যৌন উত্তেজনাকে কমিয়ে দেয়"। তিনি আরও বলেন- দুনিয়ার সব কিছুই ভোগের বস্তু। এর মধ্যে সবচেয়ে অধিক উপভোগের বিষয় হচ্ছে, সৎ নারী। বুখারী ও মুসলিমে বর্ণিত হয়েছে, তিনি বলেন-

تُنْكَحُ الْمَرْأَةُ لأَرْبَعِ: لِمَالِهَا، وَلِحَسَبِهَا، وَجَمَالِهَا، وَلِدِينِهَا، فَاظْفَرْ بِذَاتِ الدِّينِ تَربَتْ يَدَاكَ

"মাল, বংশ, সৌন্দর্য ও দ্বীনদারী এই চারটি বিষয় দেখে বিয়ে করা হয়। সুতরাং তুমি দ্বীনদার মহিলাকে বিয়ে করো। (তা না করলে) তোমার দুই হাত ধুলোমলিন হোক। নাবী (ﷺ)কে জিজ্ঞেস করা হল, সবচেয়ে উত্তম মহিলা কোন্টি? তিনি বললেন-

الَّتِي تَسُرُّهُ إِذَا نَظَرَ وَتُطِيعُهُ إِذَا أَمَرَ وَلَا تُخَالِفُهُ فِي نَفْسِهَا وَمَالِهَا بِمَا يَكْرَهُ



"যেই মহিলার প্রতি তার স্বামী যখন দৃষ্টি দেয়, তখন স্বামীকে খুশী করে দেয়, স্বামী তাকে হুকুম করলে তার হুকুম তামীল করে এবং স্বীয় নক্ষ্স ও মালে স্বামীর মর্জীর খেলাফ কিছুই করেনা।[2]

নাবী (ﷺ)_এর পবিত্র সুন্নাত ছিল, তিনি বেশী বেশী সন্তান প্রসবকারীনী মহিলাকে বিবাহ করার উৎসাহ দিতেন। তিনি বলতেন-

تزوجوا الودود الولود فإني مكاثر بكم الأمم

"তোমরা এমন মহিলাকে বিবাহ কর, যে তার স্বামীকে খুব ভালবাসে এবং বেশী বেশী সন্তান প্রসব করে।[3]

ফুটনোট

- [1]. সুনানে ইবনে মাজাহ, অধ্যায়ঃ বিবাহ করার ফজীলত। ইমাম আলবানী আঃ) এই হাদীছকে সহীহ বলেছেন। দেখুনঃ সিলসিলায়ে সহীহা, হা/ ২৩৮৩।
- [2]. সুনানে নাসাঈ, অধ্যায়ঃ কোন্ মহিলা উত্তম।
- [3]. আবু দাউদ, অধ্যায়ঃ যে ব্যক্তি বেশী বেশী সন্তান প্রসবকারীনীকে বিবাহ করল। ইমাম আলবানী রহঃ) এই হাদীছকে সহীহ বলেছেন। সিলসিলায়ে সহীহা, হা/ ২৩৮৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3988

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন